# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৬৪

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ জানাযার সালাতে মৃত ব্যক্তির জন্য তার নিবাসের চেয়ে উত্তম নিবাস, তার পরিবারের চেয়ে উত্তম পরিবার চাওয়া মুস্তাহাব

## ذكر ما يستحب أَنْ يَسْأَلَ اللَّهَ جَلَّ وَعَلَا لِمَنْ يُصَلِّي عَلَيْهِ الْإِبْدَالَ لَهُ دَارًا خَيْرًا مِنْ دَارِهِ وَأَهْلًا خَيْرًا مِنْ أَهْلِهِ

আরবী

3064 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: حَدَّثَنِي مُعَاوِيَةُ بْنُ صَالِحٍ عَنْ حَبِيبِ بْنِ عُبَيْدٍ عَنْ جُبَيْرِ بْنِ نُفَيْرٍ الْحَضْرَمِيِّ سَمِعَهُ يَقُولُ: سَمِعْتَ عَوْفَ بْنَ مَالِكٍ الْأَشْجَعِيَّ يَقُولُ:
صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى جَنَازَةٍ فَحَفِظْتُ مِنْ دُعَائِهِ وَهُوَ يَقُولُ: (اللَّهُمَّ اغْفِرْ لَهُ وَارْحَمْهُ وَاعْفُ عَنْهُ وَأَكْرِمْ مَنْزِلِهِ وَأَوْسَعْ مُدْخَلَهُ وَاغْسِلْهُ بِالْمَاءِ وَالثَّلْجِ وَالْبَرَدِ وَنَقِّهِ مِنَ الْخَطَايَا كَمَا يُنَقَّى الثَّوْبُ الْأَبْيَضُ مِنَ الدَّنَسِ وَأَبْدِلْهُ بِدَارِهِ دَارًا خَيْرًا مِنْ دَارِهِ وَأَهْلًا خَيْرًا مِنْ أَهْلِهِ وَزَوْجَةً خَيْرًا مِنْ زَوْجَتِهِ وَأَدْخِلْهُ الْجَنَّةَ وَأَعِذْهُ مِنَ النَّارِ وَمَنْ عَذَابِ الْقَبْرِ) حَتَّى تَمَنَّيْتُ أَنْ أَكُونَ ذَلِكَ الْمَيِّتَ
قَالَ ابْنُ وَهْبٍ: وَحَدَّثَنِي مُعَاوِيَةُ بْنُ صَالِحٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ جُبَيْرِ بْنِ نُفَيْرٍ عَنْ أَبِيهِ عَنْ عَوْفِ بْنِ مَالِكٍ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عليه وسلم نحو هذا الحديث.
الراوي : عَوْف بْن مَالِكٍ الْأَشْجَعِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3064 | خلاصة حكم المحدث: صحيح - ((الأحكام)) (157).

বাংলা

৩০৬৪. আওফ বিন মালিক আল আশজা'ঈ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক জানাযার সালাত আদায় করেছেন। আমি তাঁর দু'আ শুনে জানাযার এই দু'আ মুখস্ত

করি। তিনি দু‘আয় বলেন, اللَّهُمَّ اغْفِرْ لَهُ وَارْحَمْهُ وَاعْفُ عَنْهُ وَأَكْرِمْ مَنْزِلِهِ وَأَوْسَعْ مُدْخَلَهُ وَاغْسِلْهُ بِالْمَاءِ وَالثَّلْجِ وَالْبَرَدِ وَنَقِّهِ مِنَ الْخَطَايَا كَمَا يُنَقَّى الثَّوْبُ الْأَبْيَضُ مِنَ الدَّنَسِ وَأَبْدِلْهُ بِدَارِهِ دَارًا خَيْرًا مِنْ دَارِهِ وَأَهْلًا خَيْرًا مِنْ أَهْلِهِ وَزَوْجَةً خَيْرًا مِنْ زَوْجَتِهِ وَأَدْخِلْهُ الْجَنَّةَ وَأَعِذْهُ مِنَ النَّارِ وَمَنْ عَذَابِ الْقَبْرِ (হে আল্লাহ, আপনি তাকে ক্ষমা করে দিন, তার প্রতি রহম করুন, তাকে মাফ করুন, তাকে সম্মানজনক বাসস্থান দান করুন, তার প্রবেশ পথ প্রশস্ত করে দিন, তাকে পানি, বরফ ও শিলা দিয়ে পরিস্কার করুন, যেভাবে সাদা কাপড় ময়লা থেকে পরিস্কার করা হয়। তাকে তার আবাসের পরিবর্তে উত্তম আবাস, তার পরিবারের চেয়ে উত্তম পরিবার, তার স্ত্রীর চেয়ে উত্তম স্ত্রী দান করুন। তাকে জান্নাতে প্রবেশ করান এবং তাকে জাহান্নাম ও কবরের আযাব থেকে রক্ষা করুন)।”

রাবী বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের এরকম দু‘আ করতে দেখে আমার আকাঙ্খা হলো যে, যদি আজ আমি এই মৃত ব্যক্তি হতাম!”[1]

ইবনু ওয়াহাব রহিমাহুল্লাহ বলেন, “আর আমাকে মুআবিয়া বিন সালিহ, তিনি আব্দুর রহমান বিন যুবাইর বিন নুফাইর থেকে, তিনি তার বাবা থেকে, তিনি আওফ বিন মালিক থেকে তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরুপ হাদীস বর্ণনা করেছেন।”

## ফুটনোট

[1] সুনান বাইহাকী: ৪/৪০; সহীহ মুসলিম: ৯৬৩; ইবনুল জারূদ: ৫৩৮; বাগাবী: ১৪৯৫; মুসনাদ আহমাদ: ৬/২৩; নাসাঈ: ৪/৭৩; তাবারানী: ১৮/৭৮; আত তায়ালিসী: ৯৯৯; ইবনু মাজাহ: ১৫০০।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আহকামুল জানাইয: ১৫৭)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আওফ ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92394

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন